



## জাতীয় বিশ্ববিদ্যালয়

স্মারক নং-০৬(১০১)অংশ-৩/জাতীগবিঃ/রেজিঃ/অ্যাকাঃ/ভর্তি/২০১৮-২০১৯/২০৭৭

তারিখ: ০৬/১২/২০১৮

### ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কার্যক্রমে ২য় পর্যায়ের অনলাইন প্রাথমিক আবেদন ও কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন নিশ্চয়ন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কার্যক্রমে যে সকল শিক্ষার্থী ইতোপূর্বে অনলাইনে প্রাথমিক আবেদন করতে পারেনি, সে সকল শিক্ষার্থী ০৯ ডিসেম্বর ২০১৮ বিকাল ৪টা থেকে ১৩ ডিসেম্বর ২০১৮ তারিখ রাত ১২টা পর্যন্ত অনলাইনে শেষবারের মত ২য় পর্যায়ে প্রাথমিক আবেদন করতে পারবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট ([www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)) থেকে আগ্রহী প্রার্থীকে প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে এবং এর প্রিন্ট কপি নিয়ে আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকাসহ শিক্ষার্থীর আবেদন ফরমে উল্লিখিত কলেজে ১৭ ডিসেম্বর ২০১৮ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। উল্লেখ্য যে, ২য় পর্যায়ে আবেদনকারীদের নতুন করে কোন মেধা তালিকা দেয়া হবে না, মেধা তালিকায় স্থান পেতে তাদের অবশ্যই রিলিজ স্লিপে আবেদন করতে হবে। সংশ্লিষ্ট কলেজ কর্তৃক ২য় পর্যায়ের কোন শিক্ষার্থীর প্রাথমিক আবেদন নিশ্চয়ন করা না হলে সেই প্রার্থী রিলিজ স্লিপে আবেদন করতে পারবে না।

রিলিজ স্লিপের অনলাইন আবেদনের সময়সূচি পরবর্তীতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের ([www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)) মাধ্যমে জানানো হবে। এছাড়াও একই ওয়েবসাইট থেকে ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্যও জানা যাবে।

২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে

ক্রমিক	বিবরণ	তারিখ
১।	অনলাইনে ২য় পর্যায়ে প্রাথমিক আবেদন ফরম পূরণের তারিখ: প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট ( <a href="http://www.nu.ac.bd/admissions">www.nu.ac.bd/admissions</a> ) এর Professional Tab এর Apply Now (Hons. Professional) অপশনে ক্লিক করে প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে।	০৯/১২/২০১৮ থেকে ১৩/১২/২০১৮
২।	আবেদনকারীর প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমটির নির্ধারিত স্থানে স্বাক্ষর করে আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকাসহ প্রয়োজনীয় কাগজপত্র আবেদন ফরমে উল্লিখিত কলেজে জমা দেয়ার তারিখ:	১০/১২/২০১৮ থেকে ১৭/১২/২০১৮
৩।	কলেজ কর্তৃক অনলাইনে প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করার তারিখ:	১০/১২/২০১৮ থেকে ১৮/১২/২০১৮
৪।	কলেজ কর্তৃক আবেদনকারীদের প্রাথমিক আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ [শিক্ষার্থী প্রতি ২০০/- (দুইশত) টাকা হারে] "সোনালী সেবা" এর মাধ্যমে সংশ্লিষ্ট খাতে (ভর্তি ফান্ড) যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ: [কলেজকে Login এর মাধ্যমে <a href="#">Application Payment Info (Hons. Professional)</a> অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করতে হবে এবং এর প্রিন্ট কপি নিয়ে যে কোন 'সোনালী সেবা' প্রদানকারী নিকটস্থ সোনালী ব্যাংক শাখায় নির্ধারিত ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।]	২০/১২/২০১৮ থেকে ২৪/১২/২০১৮

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. মোঃ নাসির উদ্দিন)

ডিন (ভারপ্রাপ্ত), স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪

ফোন : ৯২৯১০৬৮, ৯২৯২০৮৪

ই-মেইল- deanug@nubd.info

তারিখ: ০৬/১২/২০১৮

স্মারক নং-০৬(১০১)অংশ-৩/জাতীগবিঃ/রেজিঃ/অ্যাকাঃ/ভর্তি/২০১৮-২০১৯/২০৭৭

অনুলিপি

- ১। পরিচালক, তথ্য ও প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ২। পরিচালক, অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৩। পরিচালক, জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ইলেকট্রনিক মিডিয়া ও দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ৪। কলেজ পরিদর্শক, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৫। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৭। সচিব, ভাইস চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৮। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৯। অফিস কপি।

(মোঃ কামরুল ইসলাম)

উপ-রেজিস্ট্রার

স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪